

## Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project

### কাঁকড়া চাষ: জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তির মাধ্যমে টেকসই জীবিকায়ন

জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তি হিসেবে বাংলাদেশের উপকূলীয় লবণাক্ত অঞ্চলে কাঁকড়া চাষের বিপুল সম্ভাবনা রয়েছে। তবে, কাঁকড়া চাষ বিষয়ে সচেতনতা ও দক্ষতার অভাব, অবকাঠামোগত ব্যয়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি ঝুঁকির কারণে দীর্ঘদিন ধরে এই সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো যায়নি। এই বাস্তবতার প্রেক্ষিতে RHL প্রকল্প একটি কৌশলগত ও সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন করছে, যার লক্ষ্য জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জনগোষ্ঠীকে দক্ষ কাঁকড়া উৎপাদনকারী হিসেবে গড়ে তোলার মাধ্যমে তাঁদের আত্মনির্ভরশীলতার সুযোগ সৃষ্টি করা এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা বৃদ্ধি করা।

RHL প্রকল্পের কাঁকড়া চাষ কার্যক্রমের আওতায় উপকূলীয় প্রান্তিক মানুষদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি, আর্থিক সহায়তা এবং ধারাবাহিক পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষজ্ঞ কারিগরি দিকনির্দেশনা ও সহজলভ্য অর্থায়নের সমন্বয়ে উপকূলীয় মানুষদের মধ্যে একদিকে যেমন কাঁকড়া চাষের আগ্রহ বেড়েছে, তেমনিভাবে কাঁকড়া চাষের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে উপকারভোগী পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের জীবনযাত্রায় দৃশ্যমান পরিবর্তনের সুযোগ সৃষ্টি হয়েছে।

RHL প্রকল্পের এই উদ্যোগ শুধু বিকল্প আয়ের একটি সুযোগ সৃষ্টি করেনি, বরং উপকারভোগী পরিবারগুলোকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করছে, যার ফলে তাঁদের মধ্যে জলবায়ু পরিবর্তন সহনশীলতা জোরদার হয়েছে।

### কাঁকড়া চাষি শহীদ মাঝির নদী ভাঙন কবলিত জীবন থেকে ঘুরে দাঁড়ানোর গল্প

“ নদী একসময় আমার সবকিছু কেড়ে নিয়েছিল, কিন্তু RHL প্রকল্পের সহযোগিতায় কাঁকড়া চাষের মাধ্যমে আমি নতুন করে জীবন গড়ার সুযোগ পেয়েছি। আমি আর শুধু জলবায়ু পরিবর্তনের শিকার নই, আমি এখন পরিবর্তনের একজন নির্মাতা। ”



শহীদ মাঝি

স্ট্রী, দুই ছেলে ও এক মেয়েসহ পাঁচ সদস্যের পরিবার নিয়ে শহীদ মাঝি এমন এক জলবায়ু ঝুঁকিপূর্ণ ও নদীভাঙন কবলিত জনপদে বাস করতেন, যেখানে জীবনের কোনো নিরাপত্তা ছিল না। তাঁর জন্য নিত্য প্রয়োজন মেটানোই ছিল প্রতিদিনের কঠিন চ্যালেঞ্জ। আশার সব আলো যখন ক্রমেই দূরে সরে যাচ্ছিল, ঠিক সেই সময়ে RHL প্রকল্প তাঁর জীবনে নতুন সম্ভাবনার বার্তা নিয়ে আসে।

শহীদের অল্প কিছু সম্পদের মধ্যে ছিল ২২ শতাংশ আয়তনের একটি পুকুর। বছরের পর বছর সেটি প্রায় অব্যবহৃত পড়ে ছিল। শহীদের কাছে পুকুরটি অনেক সময় সম্পদের পরিবর্তে বোঝা বলে মনে হতো। এই পুকুরে কাঁকড়া চাষের সম্ভাবনার বিষয়টি বিবেচনা করে RHL প্রকল্প তাঁকে কাঁকড়া মোটাতাজাকরণ কার্যক্রমের উপকারভোগী হিসেবে অন্তর্ভুক্ত করে। প্রকল্প থেকে তাঁকে হাতে কলমে কারিগরি প্রশিক্ষণ, আর্থিক অনুদান ও নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। এই সম্ভাবনাকে পুরোপুরি কাজে লাগাতে তিনি নিজের সামান্য সঞ্চয়ও বিনিয়োগ করেন।

প্রশিক্ষণের মাধ্যমে শেখা বৈজ্ঞানিক কাঁকড়া মোটাতাজাকরণ পদ্ধতি লবণাক্ত পরিবেশের জন্য বিশেষভাবে উপযোগী প্রমাণিত হয় এবং প্রচলিত মাছ চাষের বিকল্প হিসেবে একটি জলবায়ু সহনশীল জীবিকার সুযোগ করে দেয়। প্রকল্পের নির্দেশনা মেনে দক্ষ ব্যবস্থাপনা ও আন্তরিক



পরিশ্রমের মাধ্যমে একটি মাত্র উৎপাদন চক্রেই শহীদ উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেন। এ পর্যন্ত তাঁর মোট বিক্রি ১ লাখ ৫৬ হাজার টাকা এবং নিট মুনাফা ৫৩ হাজার টাকা। এই উপার্জন তাঁকে পূর্বের দেনা পরিশোধে সহায়তা করে এবং সন্তানদের জন্য উন্নত শিক্ষার সুযোগ করে দেয়। যে মানুষটি একসময় নদীর কাছে সবকিছু হারিয়েছিলেন,

আজ তিনি নিজের শ্রম ও নিষ্ঠার ওপর ভর করে ঘুরে দাঁড়িয়েছেন। ভবিষ্যতের কথা চিন্তা করে তিনি তাঁর আয় পুনরায় বিনিয়োগ করে খামার সম্প্রসারণ করার পরিকল্পনা করছেন। শহীদের গল্প প্রমাণ করে, সবকিছু হারানোর পরও আত্মমর্যাদা ও স্বপ্ন নিয়ে নতুন করে জীবন গড়ে তোলা সম্ভব।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠীর জন্য দুর্যোগ সহনশীল আবাসন ও জীবিকা উন্নয়নে উপকূলীয় ৭টি জেলায় Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) প্রকল্প বাস্তবায়ন করছে। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির অভিযোজনমূলক কার্যক্রমের মধ্যে অন্যতম হলো জলবায়ু পরিবর্তন সহিষ্ণু বসতিভিটা নির্মাণ, লবণাক্ত পরিবেশে টেকসই জীবিকা চর্চা, যেমন - কঁকড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, লবণাক্ততা সহনশীল সবজি চাষ, এবং বৃক্ষরোপণ।

#### উপদেশক:

#### মোঃ ফজলুল কাদের

ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

#### ড. ফজলে রাক্বি ছাদেক আহমাদ

উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

#### সম্পাদনা পরিষদ:

ড. একেএম নুরুজ্জামান

মোঃ আবু নাসির খান

মোঃ শামীম ইফতেখার

#### যোগাযোগ:

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট

RHL প্রকল্প, পিকেএসএফ



পিকেএসএফ

## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

পিকেএসএফ ভবন - ১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা

ফোন: ৮৮০-২-৮১৮১১৬৯, ৮১৮১৬৬৪-৬৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭৮

ই-মেইল: [pkssf@pkssf.org.bd](mailto:pkssf@pkssf.org.bd)

ওয়েব সাইট: [www.pkssf.org.bd](http://www.pkssf.org.bd)

ফেসবুক: [www.facebook.com/PKSF.org](https://www.facebook.com/PKSF.org)

